

বাংলা ছন্দ ও ছন্দ নির্ণয়

ছন্দের স্বরূপ - কাব্যের রসঘন ও শ্রুতিমধুর বাক্যে
সুশৃঙ্খল ধ্বনিবিন্যাসের ফলে যে সৌন্দর্য সৃষ্টি হয়
তাকে ছন্দ বলে।

ছন্দ প্রধানত তিন প্রকার।

- ১) অক্ষরবৃত্ত ছন্দ
- ২) মাত্রাবৃত্ত ছন্দ
- ৩) স্বরবৃত্ত ছন্দ

অক্ষরবৃত্ত ছন্দ

১)

|| | | | | || | | || ||

বন হতে এলো এক | টিয়ে মনোহর।।৮+৬

| || | || | | | || | ||

সোনার টোপর শোভে | মাথার উপর।।৮+৬

পর্ব-আট মাত্রার।

চরণ-দুই পর্বের। প্রথম পর্ব আট মাত্রা ও দ্বিতীয় পর্ব ছয়
মাত্রা। এটি পয়ার।

স্তবক- সমমাত্রিক সমপর্বিক মিত্রাক্ষর দুটি চরণ।

প্রকৃতি-অক্ষরবৃত্ত।

লয়-ধীর।

২)

।।।। । । । ॥ । ॥ ।।। । । । ।
একথা জানিতে তুমি|ভারত-ঈশ্বর শা-জাহান।।৮+১০

। । । । । । ॥ । ॥ । ॥ ।।।।
কালশ্রোতে ভেসে যায়|জীবন-যৌবন ধনমান।।৮+১০

পর্ব-আট ও দশ মাত্রার।

চরণ-দুই পর্বের। প্রথম পর্ব আট মাত্রা ও

দ্বিতীয় পর্ব দশ মাত্রা। এটি মহাপয়ার।

স্ববক-সমমাত্রিক সমপর্বিক মিত্রাক্ষর দুটি চরণ।

প্রকৃতি-অক্ষরবৃত্ত।

লয়-ধীর।

|
মাত্রাবৃত্ত ছন্দ

। । ॥ । । । । । ॥ । । ।
কলিকাতা/ শোনে নাকো / চলার খে- / য়ালে।।
৪+৪+৪+২

।।।। ॥ ॥ ॥ ॥ । । । ।
নৃত্যের / নেশা তার / স্তম্ভে দে-/ য়ালে।।৪+৪+৪+২

পর্ব-চার মাত্রার, শেষেরটি দুই মাত্রার (বা হ্রস্ব)।

চরণ-চার পর্বের।

স্ববক-সমমাত্রিক সমপর্বিক মিত্রাক্ষর দুটি চরণ।

প্রকৃতি -মাত্রাবৃত্ত।

লয়- মধ্যম।

২)

।। ।। ।। ।। ।।। ।।।

ঐ আসে ঐ। অতি ভৈরব | হরষে।। ৬+৬+৩

।। ।।। ।। ।।। ।।।

জল সিঞ্চিত | ক্ষিতিসৌরভ | রভসে।। ৬+৬+৩

পর্ব- ছয় মাত্রার, শেষেরটি তিন মাত্রার (বা হ্রস্ব)।

চরণ-তিন পর্বের।

স্তবক- সমমাত্রিক সমপর্বিক মিত্রাক্ষর দুটি চরণ।

প্রকৃতি-মাত্রাবৃত্ত।

লয়-মধ্যম।

লয়-মধ্যম।

স্বরবৃত্ত ছন্দ

| || | || || | || | |
বাঁশ বাগানের| মাথার উপর| চাঁদ উঠেছে| ওই।।

৪+৪+৪+১

| | | | | | || | | || |
মাগো আমার| শোলক বলা| কাজলা দিদি| কই।।

৪+৪+৪+১

পর্ব-চার মাত্রার, শেষেরটি একমাত্রার (বা হ্রস্ব)

চরণ-চার পর্বের।

স্ববক- সমমাত্রিক সমপর্বিক মিত্রাক্ষর দুটি চরণ।

প্রকৃতি-স্বরবৃত্ত।

লয়-দ্রুত।

২)

| | | | | | || || || | | |
বৃষ্টি পড়ে| টাপুর টুপুর| নদে এলো| বান।।৪+৪+৪+১

| | | | | | || || || | | |
শিব ঠাকুরের| বিয়ে হল| তিন কন্যে| দান।।৪+৪+৪+১

পর্ব-চার মাত্রার, শেষেরটি একমাত্রার (বা হ্রস্ব)

চরণ-চার পর্বের।

স্ববক-সমমাত্রিক সমপর্বিক মিত্রাক্ষর দুটি চরণ।

প্রকৃতি-স্বরবৃত্ত।

লয়-দ্রুত।